

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৪৫.১৫৮.০১১.০০.০০.০২৫.২০১৬-০২২

তারিখঃ ৩০ অগ্রহায়ণ ১৪২৩
১৪ ডিসেম্বর ২০১৬

বিষয়: ঢাকা মহানগরী এবং ঢাকা জেলা ও উপজেলায় নব-যোগদানকৃত সিনিয়র স্টাফ নার্সদের আগামী ২০ ডিসেম্বর ২০১৬ তারিখ
সমাবেশ অনুষ্ঠানে উপস্থিতি প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরী এবং ঢাকা জেলা ও উপজেলায় নব-যোগদানকৃত সিনিয়র স্টাফ নার্সদের আগামী ২০-১২-২০১৬ তারিখ বেলা ১:০০ ঘটিকায় কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তন, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকায় সমাবেশ অনুষ্ঠিত হবে।

উক্ত সমাবেশ অনুষ্ঠানে জনাব মোহাম্মদ নাসিম, এমপি, মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকিতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

জনাব জাহিদ মালেক, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং ড: মোহাম্মদ সাদিক, চেয়ারম্যান, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, ঢাকা, বিশেষ অতিথি হিসাবে উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন জনাব মো: সিরাজুল ইসলাম, সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

এমতাবস্থায়, ঢাকা মহানগরী এবং ঢাকা জেলা ও উপজেলায় নব-যোগদানকৃত সিনিয়র স্টাফ নার্সদের বেলা ১২:৩০ ঘটিকার মধ্যে উক্ত সমাবেশে উপস্থিতি নিশ্চিতকরণ সহ সংশ্লিষ্ট সকল অফিস প্রধানগণকে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মো: নূরুল হক রহমান)
সিনিয়র সহকারী সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৯৫৪৫৭৭৯

বিতরণ (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল/ অন্যান্য হাসপাতাল, ঢাকা।
- ৪। সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক, ঢাকা।
- ৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ✓ ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।